# জেলা পরিষদের কার্যাবলী

## বাধ্যতামূলক কাজ

১. জেলার সকল উন্নয়ন কার্যক্রমের পর্যালোচনা;
২. উপজেলা পরিষদ ও পৌরসভা কর্তৃক গৃহীত উন্নয়ন প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
৩. সাধারণ পাঠাগারের ব্যবস্থা ও এর রক্ষণাবেক্ষণ;
৪. উপজেলা পরিষদ, পৌরসভা বা সরকার কর্তৃক সংরক্ষিত নয় এই প্রকার জনপথ, কালভার্ট ও ব্রিজ নির্মাণ, রক্ষণাবেক্ষণ এবং উন্নয়ন;
৫. রাস্তার পার্শ্বে ও জনসাধারণের ব্যবহার্য স্থানে বৃক্ষরোপণ ও এর সংরক্ষণ;
৬. জনসাধারণের ব্যবহারার্থে উদ্যান, খেলার মাঠ ও উন্মুক্ত স্থানের ব্যবস্থা ও এদের রক্ষণাবেক্ষণ;
৭. সরকারি, উপজেলা পরিষদ বা পৌরসভার রক্ষণাবেক্ষণে নয় এমন খেয়াঘাটের ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণ;
৮. সরাইখানা, ডাকবাংলো এবং বিশ্রামগারের ব্যবস্থা ও রক্ষণাবেক্ষণ;
৯. জেলা পরিষদের অনুরূপ কার্যাবলী সম্পাদনরত অন্যান্য প্রতিষ্ঠানের সংগে সহযোগিতা;
১০. উপজেলা ও পৌরসভাকে সহায়তা, সহযোগিতা এবং উৎসাহ প্রদান;
১১. সরকার কর্তৃক জেলা পরিষদের উপর অর্পিত উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়ন; এবং
১২. সরকার কর্তৃক আরোপিত অন্যান্য কাজ।

জেলা পরিষদ আইন ২০০০ এর প্রথম তফসিলের দ্বিতীয় অংশে শিক্ষা, সংস্কৃতি, সমাজকল্যাণ, অর্থনৈতিক কল্যাণ, জনস্বাস্থ্য, গণপূর্ত ও সাধারণ খাতে বিভিন্ন প্রকার কার্যাবলী সম্পাদনের বিধান রাখা হয়েছে।

## ঐচ্ছিক কাজ

| | | | |
|---|---|---|---|
| ১. | শিক্ষা খাতে- ১৩টি | : | বিদ্যালয়, ছাত্রাবাস নির্মাণ ও রক্ষণাবেক্ষণ, শিক্ষক প্রশিক্ষণ, ছাত্র বৃত্তির ব্যবস্থা ইত্যাদি। |
| ২. | সংস্কৃতিক খাতে- ১২টি | : | তথ্যকেন্দ্র, জাদুঘর, আর্ট গ্যালারি স্থাপন, পাবলিক লাইব্রেরি নির্মাণ ও রক্ষণাবেক্ষণ, ক্রীড়া ও খেলাধুলার উন্নয়ন, জাতীয় দিবসসমূহ উদযাপন, সংস্কৃতি বিকাশে সহযোগিতা প্রদান ইত্যাদি। |
| ৩. | সমাজ কল্যাণ খাতে- ৯টি | : | দুঃস্থ ব্যক্তিদের জনকল্যাণ কেন্দ্র স্থাপন, এতিমখানা, বৃদ্ধাশ্রম, সামাজিক সংগঠনকে সহযোগিতা করা ইত্যাদি। |
| ৪. | অর্থনৈতিক কল্যাণ খাতে- ১৩টি | : | কৃষি খামার স্থাপন ও রক্ষণাবেক্ষণ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, বিপণিবিতান স্থাপন ও সংরক্ষণ, ভূমি সংরক্ষণ ও পুনরুদ্ধার, বাঁধ নির্মাণ, সমবায় আন্দোলন গণমুখীকরণ ও অর্থনৈতিক কল্যাণের জন্য অন্যান্য ব্যবস্থা গ্রহণ ইত্যাদি। |
| ৫. | জনস্বাস্থ্য খাতে- ১৬টি | : | জনস্বাস্থ্য বিষয়ক শিক্ষার উন্নয়ন, সংক্রামক ব্যাধি প্রতিরোধ ও নিয়ন্ত্রণ, চিকিৎসা শিক্ষার উন্নয়ন, প্রাণিসম্পদ উন্নয়ন ইত্যাদি। |
| ৬. | গণপূর্ত খাতে- ৪টি | : | যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন, পানি নিষ্কাশন ও পানি সরবরাহ ইত্যাদি। |
| ৭. | সাধারণ খাতে- ১টি | : | স্থানীয় অধিবাসীদের ধর্মীয়, নৈতিক ও বৈষয়িক উন্নতি সাধন ইত্যাদি। |